দৈনিক জনকণ্ঠ

APR. 06 2002

তারিখ ........................

পৃষ্ঠা ৩ কলাম ৬



সভাপতি সাধারন সম্পাদক

# ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির নির্বাচন সম্পন্ন

**স্টাফ রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির কার্যনির্বাহী পরিষদের নির্বাচন ২০০২-এ সভাপতি পদে বোরহানুল হক সম্রাট (প্রথম আলো) এবং সাধারণ সম্পাদক পদে খাদিমুল ইসলাম হৃদয় (দি ইন্ডিপেন্ডেন্ট) নির্বাচিত হয়েছেন। গতকাল (শুক্রবার) টিএসসি'তে সমিতির কার্যালয়ে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে অন্যান্য পদে বিজয়ীরা হলেন- সহ-সভাপতি পদে-সাহাবুল হক সাবু (ইত্তেফাক), যুগ্ম সম্পাদক-নূরুল করিম ভুঁইয়া (বাসস), দপ্তর সম্পাদক-মুহাম্মদ যাকারিয়া (ইনকিলাব), অর্থ সম্পাদক -নূর-উন-নবী (ফিনান্সিয়াল এক্সপ্রেস)। সদস্যপদে ফরিদ উদ্দিন আহমেদ (দিনকাল), আবুল বাশার সেলিম (জনতা) এবং মোসতাক আহমেদ মাসুদ (বাংলা বাজার)। সমিতির ৩১ জন সদস্য নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করেন। প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করে বুয়েটের তথ্য ও প্রকাশনা বিভাগের উপ-পরিচালক মোঃ তারেকুল কাদের মির্জা। নির্বাচন কমিশনার ছিলেন সমিতির সাবেক সাধারণ সম্পাদক ইলিয়াস খান এবং কৈলাস সরকার।